# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

ষষ্ঠবিংশতি বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১৫



*"If there were no fanaticism in the world, it would make much more progress than it does now. It is a mistake to think that fanaticism can make for the progress of mankind. On the contrary, it is a retarding element creating hatred and anger, and causing people to fight each other and making them unsympathetic."*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

কখনও কখনও ছোট্ট ছোট্ট কথার এক-একটি বিন্দু তাৎপর্যে মহাসমুদ্রের গভীরতাকেও যেন ছাপিয়ে যায়। তখন সে আর কথা থাকে না কেবল—হয়ে যায় বাণী। এমন অজস্র বাণী ছড়িয়ে রয়েছে স্বামীজীর—যা আমাদের চিন্তা ও চেতনার জগতে বৈপ্লবিক আলোড়ন তুলতে সক্ষম। এমন অনেক বাণীর মধ্যে আজকাল খুব বেশী করে মনে পড়ছে তাঁর একটি অমোঘ উপদেশ—'Be and Make' অর্থাৎ নিজে তৈরী হও ও অপরকে তৈরী কর। এই উপদেশের দ্বিতীয় অংশটিতে সংশ্লিষ্ট সকলের যতটা আগ্রহ—প্রথমাংশে আদৌ ততটা নয়। সমাজের নানাস্তরে এমন সব মানুষের দেখা মিলছে—যাঁরা অন্যদের তৈরী করার কাজে হাত লাগিয়েছেন নিজেদের সে কাজের উপযুক্তরূপে তৈরী না করে। ফলে তাঁদের কাজ যতটা প্রচার পাচ্ছে, মানুষের জন্যে ততটা কল্যাণপ্রদ হচ্ছে না।

স্বামীজীর জন্মদিবসের প্রাক্কালে প্রকাশিত হচ্ছে 'প্রাক্তনী বার্তা'। আমরা আরো একবার তাঁকে স্মরণ করি—কেবল কথায় নয়—স্মরণে, মননে এবং কর্মে। আমরা জানি বিদ্যামন্দিরের অনেক প্রাক্তনী স্বামীজীর প্রদর্শিত পথে চলার চেষ্টা করছেন; কেবলমাত্র নিজের জন্যে নয়, বাঁচার চেষ্টা করছেন সকলের জন্যে। আমরা তাঁদের কথা আরো বেশী করে জানতে ও জানাতে চাই 'প্রাক্তনী বার্তা'র মাধ্যমে। এ বিষয়ে খবরাখবর পেতে আমরা আগ্রহী।

—**তপন কুমার ঘোষ**, প্রধান সম্পাদক

## শোক সংবাদ

**শচীন্দ্রকুমার চক্রবর্তী ঃ** প্রথম শিক্ষাবর্ষের এই প্রাক্তনী বিগত ২৮.১২.১৪ তারিখে ৯১ বছর বয়সে প্রয়াত হয়েছেন। প্রাক্তনী সংসদ তথা বিদ্যামন্দিরের সঙ্গে তাঁর নিবিড় এবং আন্তরিক সংযোগের কথা আজ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। মনে পড়ছে, প্রায় প্রতিটি বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থেকে দৈনন্দিন খরচ বাঁচিয়ে জমানো অর্থ তিনি তুলে দিতেন প্রাক্তনীর তহবিলে; শ্রদ্ধার সঙ্গে স্মরণ করতেন তেজসানন্দজীসহ অপরাপর পূজ্যজনেদের। শরীর যতদিন অক্ষম না হয়েছে—বিদ্যামন্দিরের সকল আয়োজনে তিনি আসতেন সাগ্রহে।

**অরুণ বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৫২-৫৪ শিক্ষাবর্ষের প্রাক্তনী অরুণ বন্দ্যোপাধ্যায় ২০১৪-র প্রথম দিকে পরলোকগমন করেছেন। পেশায় ইঞ্জিনিয়ার এই প্রাক্তনী বিগত পুনর্মিলন উৎসবেও সোৎসাহে অংশগ্রহণ করেছিলেন।

**বৈদ্যনাথ চ্যাটার্জী ঃ** ১৯৫২-৫৪ শিক্ষাবর্ষের আর একজন প্রাক্তনী বৈদ্যনাথ চ্যাটার্জী ২০১৪-র সেপ্টেম্বর মাসে পরলোকগমন করেছেন। রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক বৈদ্যনাথ চ্যাটার্জী ষাটের দশকের গোড়ার দিকে বেশ কয়েক বছর বিদ্যামন্দিরের রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অধ্যাপকও ছিলেন।

**জগদীশ চন্দ্র পাল ঃ** বিদ্যামন্দিরের পদার্থবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত এই অধ্যাপক ২০১৪-র সেপ্টেম্বর মাসে পরলোকগমন করেছেন। তিন দশকেরও বেশী সময় ধরে তিনি বিদ্যামন্দিরের পদার্থবিদ্যা বিভাগে অধ্যাপনা করেছেন।

**প্রহর শিকদার ঃ** ২০০৬-এ বিদ্যামন্দির থেকে পাশ করে বেরোনো এই তরুণ প্রাক্তনী কিছুকাল যাবৎ ফুসফুসের ক্যান্সারে ভুগছিলেন। এবার পুজোর বিজয়াদশমীর দিনে তাঁর সেই যন্ত্রণার চির অবসান হ'ল, অকাল প্রয়াত হলেন শ্রী শিকদার।

বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদ প্রয়াত সকলের পরিবারবর্গের প্রতি সমবেদনা প্রকাশ করছে এবং তাঁদের আত্মার সদ্গতি কামনা করছে।

## প্রকাশনা সংবাদ

সম্প্রতি প্রকাশিত হয়েছে ১৯৬৩-৬৬ শিক্ষাবর্ষের প্রাক্তনী স্বপন কুমার ভট্টাচার্যের একটি নাতিদীর্ঘ সুখপাঠ্য বই—"কৈলাশহর থেকে জার্মানীর পথে"। ইন্দো-জার্মান কালচারাল এক্সচেঞ্জ প্রোগ্রামে নির্বাচিত হয়ে লেখক উচ্চতর গবেষণার জন্যে জার্মানীতে গিয়েছিলেন। তাঁর কাজকর্মের সংক্ষিপ্ত বিবরণ সহ জার্মানীর একটি অন্তরঙ্গ চিত্র ধরা পড়েছে বইটিতে।

## আনন্দ সংবাদ

☞ বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৫৫-৫৭) শ্রী তুহিন কুমার গাঙ্গুলী গত ২৫.১০.২০১৪ তারিখে, রোটারী ক্লাব অফ্ ক্যালকাটা মেট্রোপলিটন কর্তৃক "ভোকেশনাল অ্যাওয়ার্ড"-এ সম্মানিত হয়েছেন। বৃত্তি-সহায়ক শিক্ষা ও স্বাস্থ্যক্ষেত্রে অবদানের জন্য তাঁর এই স্বীকৃতি। প্রসঙ্গত উল্লেখ্য, শ্রী গাঙ্গুলী দীর্ঘকাল 'শ্রমজীবী হাসপাতাল'-এর সঙ্গে যুক্ত। প্রাক্তনী সংসদের পক্ষ থেকে শ্রী গাঙ্গুলীকে আন্তরিক অভিনন্দন!

☞ এবারে জাতীয় শিক্ষকের পুরস্কারে সম্মানিত হয়েছেন বিদ্যামন্দিরের প্রাক্তনী শুভেন্দু মুখোপাধ্যায়। তিনি করোনেশন হাইস্কুল, রায়গঞ্জের প্রধান শিক্ষক হিসাবে শিক্ষা ও সামাজিক উন্নয়নে যে বিশেষ অবদান রেখেছেন—এ পুরস্কার তারই স্বীকৃতি। আমরা আনন্দিত। অভিনন্দন, শুভেন্দু।

## ভ্রম সংশোধন

জুলাই সংখ্যার প্রাক্তনী বার্তায় প্রয়াত অনীশ মুখোপাধ্যায়ের বিদ্যামন্দিরে শিক্ষাবর্ষ হিসেবে ভুলক্রমে মুদ্রিত হয়েছে ১৯৫৬-৫৮। প্রয়াত অনীশ মুখোপাধ্যায় ১৯৫৫-৫৭ বর্ষের প্রাক্তনী ছিলেন। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্যে আমরা দুঃখিত।

# News from the Vidyamandira
## (June to November 2014)

**National Seminar :** Two national seminars were organised in Vidyamandira during the period under review. Department of Computer Science in collaboration with ISI, Kolkata, organised a U.G.C. sponsored one-day national seminar on 'Application of Cryptography in Modern Computing' on 8.8.2014. Some of the distinguished speakers were C.E. Veni Madhaban, Professor, Deptt. of Computer Science and Automation, IISC, Bangalore; Bimal Roy, Director, ISI, Kolkata; Dipanwita Roy Chowdhury, Professor, Deptt. of Computer Science and Engineering, IIT, Kharagpur etc.

Department of Microbiology organised a two-day national seminar on—'Frontiers of Microbiology : Prospects and Challenges' during 20th and 21st November, 2014 in collaboration with CSIR—IICB, Kolkata. Some of the distinguished speakers were Dr. Amit Ghosh, NASI Platinum Jubilee Senior Scientist, National Institute of Cholera and Enteric Diseases, Kolkata; Dr. Punyasloke Bhadury, Associate Professor and Chairperson, Deptt. of Biological Science, IICB, Kolkata; Dr. Amitabha Mukhopadhyay, Senior Scientist, Cell Biology Laboratory, National Institute of Immunology, New Delhi etc.

**Seminars/Extension Lectures :**

A list of some of the important seminars, special lectures and workshops organised is given below :

| Date | Topic | Name of the Speaker |
|---|---|---|
| 15.7.14 | Self Control : Ancient Wisdom, Modern Science.(Foundation Day Lecture) | Swami Sarvapriyananda, Acharyya, Brahmachari Training Centre, Belur Math |
| 17.7.14 | Social Service—The Role of Print Media | K. B. Ganapathy, Editor 'Star of Mysore' and 'Mysore Mitra' |
| 21.7.14 | Research in High Energy Physics. | Arnab Rudra, Doctoral Fellow, Deptt. of Applied Mathematics and Theoretical Physics, Cambridge University. |
| 24.7.14 | Electromagnetics and Applications in the Space | Sasikanta Kumar, Scientist, ISRO Satellite Centre. |
| 26.7.14 | Aviation Tragedies from the Past. (A multimedia Presentation) | Swami Sarvapriyananda, Acharyya, Brahmachari Training Centre, Belur Math. |
| 02.8.14 | Colour Science | Dr. Tinku Acharyya, Founder and Managing Director, Videonetics Technology Private Limited |
| 13.8.14 | Hundred years of Great War (World War I) | Prof. Subhas Ranjan Chakraborty, Formerly Deptt. of History, Presidency College. |
| 19.8.14 | Subalterns in Drama of Salim-Al-Din | Md. Saifuz Zaman, Asstt. Professor, Department of Bengali, Islamik University, Bangladesh. |
| 23.8.14 | Life in the Universe (Tejasananda Memorial Lecture) | Dr. Debiprasad Duary, Director, M.P. Birla Institute of Fundamental Research |
| 11.9.14 | Sahityiker Mukhomukhi | Bani Basu, Renowned Writer. |
| 19.9.14 | Bezbaroa : A Retrospective Indian Writer of the 19th Century. | Prof. Karabi Deka Hazarika,Deptt. of Assamese, Dibrugarh University. |
| 25.9.14 | Natak Path O Natya Proyog (Drama Workshop) | Prof. Soumitra Basu and Prof. Gautam Mukhopadhyay, Drama Department, R.B.U. |

**International Seminar Lectures :**

1. Organised by Deptt of Industrial Chemistry; Date : 25.07.2014, Topic-Scopes and Researches in Material Science by Prof Ana C M Rodrigues, University of Sao Carlos, Brazil.

2. Organised by Deptt. of Bengali; Date : 18.11.2014, Topic-Folk Songs of Bangladesh by Mehebuba Akhter Daya, Singer, SAARC Cultural Wing, Bangladesh

3. Organised by Dept of Mathematics; Date : 29.08.2014, Topic-Research on Pure Mathematics by Sri Arindam Biswas, Ecole Polytechnique, France

**New Certificate Course :** Vidyamandira, in collaboration with the Computer Centre of Shilpamandira, has introduced a certificate course in Office Automation for U.G. 3rd year and P.G. 2nd Year students from 11.8.14. The course will be directly supervised and monitored by the Computer Centre of Shilpamandira.

**New Cultural Training Schemes :** Department of Cultural Affairs, Vidyamandira, has started optional classes on Indian classical vocal music from the current academic session. Similar classes on Pakhoaj and Tabla have also been started. Expert instructors have started taking their classes against a nominal tuition fee.

**Sardar Ballabhbhai Patel's Birth Anniversary Celebration :** On 31st October, 2014 NCC Cadets of Vidyamandira took part in the 'Run for Unity'. On the same day the Department of History organised a seminar on—'Sardar Patel's Message for Unity, Safety and Security.'

**Health Check-up Camp :** A health check-up camp for the students and staff members of the college was organised on 23rd November, under the initiative of the NSS wing of the Vidyamandira. Alongwith general health check-up there was arrangement for ENT and dental check-up by specialist doctors.

**Blood-Donation :** NSS wing conducted a blood donation camp in collaboration with Haemophilia Society, Kolkata, on 31st August, 2014.


**Swapnangan :** The students of Vidyamandira initiated a scheme, 'Swapnangan' last year to help underprivileged students. The scheme was launched by distributing food and clothing among one hundred primary school students of 'Kalitola'—one of the Aila-affected villages of Sundarbans. The scheme was highly appreciated by all and encouraged our students to distribute this year food and clothing among two hundred primary school students of 'Kumirmari'—another poverty stricken village in Sundarban area. Students, through their sincere effort collected more than Rs. 80,000 to fund this project.

**Certificate course on FIRST AID :** A First Aid Certificate Course for NSS Students was organized on 6th to 8th August, 2014 to provide basic skills for any first aid emergency. NSS wing of our college distributed clothes on the occasion of Durga Puja on 23rd September.

**Free Coaching :** NSS wing started free coaching for poor students of the locality in collaboration with Janashiksha-mandira, from 17th July, 2014.



স্থানীয় বিদ্যালয়ে এন. এস. এস. ছাত্রদের সচেতনতা কর্মসূচী




বিদ্যামন্দিরে দ্বিতীয় সমাবর্তন উৎসবের সূচনা; ইনসেটে উৎসবের প্রধান অতিথি প্রাক্তনী আনন্দমোহন চক্রবর্তীর সম্বর্ধনা।

# প্রাক্তনীসংসদ সমাচার

স্বামীজীর স্বপ্নের বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদ তার সীমিত সামর্থ্যের মধ্যেও বিদ্যামন্দির ও বিদ্যামন্দিরের বাইরে সমাজসেবামূলক কর্মপ্রক্রিয়া বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সাফল্যের সাথে চালিয়ে যাচ্ছে এবং উত্তরোত্তর এর প্রসার ঘটাচ্ছে। নিম্নে তার একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল ঃ—

**স্বাস্থ্য প্রকল্প ঃ**

বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনীসংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলছে। জুলাই, ২০১৪ তে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৬ জন দুঃস্থ রোগীকে চিকিৎসার জন্য ৮০০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী সুমন কল্যাণ গাঙ্গুলিকে (১৯৮৮-১৯৯১) তার মোটর সাইকেল দুর্ঘটনায় চিকিৎসার জন্য সংসদের সাধারণ তহবিল থেকে ১০,০০০ টাকা সাহায্য প্রদান করা হয়েছে এবং সংসদের পক্ষে তার নামে তহবিল তৈরী করে সংগৃহীত ১৪,৬০১ টাকা তার স্ত্রীর হাতে তুলে দেওয়া হবে।



রাসমণি স্মারক বক্তৃতায় চিরশ্রী বন্দ্যোপাধ্যায়



বিবেকানন্দ সম্মেলন ঃ ২০১৪



'বিবেকানন্দ সম্মেলন ঃ ২০১৪



স্বামী তেজসানন্দ ক্যুইজ প্রতিযোগিতায় পুরস্কার বিতরণ



স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতায় দেবীপ্রসাদ দুয়ারী, সঙ্গে উপাধ্যক্ষ

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ**

এই প্রকল্পে ১৯৬৮-৭১ ব্যাচের প্রাক্তনীরা তাদের অনুদান দেওয়া অব্যাহত রেখেছেন। এখনও পর্যন্ত তাঁরা মোট ২১,২৯,৭০৩ টাকা এই প্রকল্পে সংসদকে দিয়েছেন। এছাড়া ১৯৭৬-৭৯, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা এবং ব্যক্তিগতভাবে অনেক প্রাক্তনী এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত প্রসারিত করেছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্মারক বক্তৃতা ঃ**

গত ১৫ আগস্ট, ২০১৪ তারিখে বিদ্যামন্দিরের আশাজ্যোতি কনফারেন্স হলে "রাণী রাসমণি স্মারক বক্তৃতা" আয়োজন করা হয়েছিল। এবার বক্তব্য রাখেন গবেষিকা ও লেখিকা—শ্রীমতী চিরশ্রী বন্দ্যোপাধ্যায়। তাঁর বক্তৃতার বিষয় ছিল—"নরেনের মা ভুবনেশ্বরী"। তাঁর তথ্য সমৃদ্ধ মনোজ্ঞ বক্তৃতা সকলকে মুগ্ধ করে।

এছাড়া গত ২৩ আগস্ট, ২০১৪ তারিখে সংসদ কর্তৃক বিবেকানন্দ সভাগৃহে "স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা" আয়োজন করা হয়। এবারের অনুষ্ঠানে বক্তা হিসাবে ছিলেন বিজ্ঞানী শ্রীদেবীপ্রসাদ দুয়ারী। তাঁর বক্তৃতার বিষয় ছিল ঃ—"Life in the Universe"। বক্তৃতার বিষয়বস্তু এবং বিশ্লেষণ সকলকে মন্ত্রমুগ্ধের মতো আকৃষ্ট করে।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা ঃ**

গত ৩০ আগস্ট, ২০১৪-১৫ শিক্ষাবর্ষের আন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় মোট ৫৫টি কলেজের টিম অংশ গ্রহণ করে। নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন রেসিডেন্সিয়াল কলেজ এই প্রতিযোগিতায় বিজয়ী হয় এবং বেলঘরিয়া রামকৃষ্ণ মিশন শিল্পপীঠের ছাত্ররা রানার্স হয়েছে। এই প্রতিযোগিতায় সকল প্রতিযোগীকে শংসাপত্র ও কিছু বই উপহার দেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, চ্যাম্পিয়ন দলকে দেবেন্দ্র দত্ত শিবরানি দত্ত স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী গোপীনাথ দত্ত (১৯৬৪-১৯৬৭) এবং রানার্স দলের জন্য বিক্রমজিৎ নীলিমা বক্সী স্মৃতি পুরস্কারটি দিয়েছেন প্রাক্তনী স্ত্রী জয়জিৎ বক্সী (১৯৫৫-৫৭)।

**বার্ষিক সাধারণ সভা ঃ**

গত ১৫ আগস্ট, ২০১৪ তারিখে প্রাক্তনী সংসদের ২৭ তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। এই সভার বিস্তারিত বিবরণ পৃথক একটি প্রতিবেদনে দেওয়া আছে।

**বিবেকানন্দ সম্মেলন ঃ**

২০১৪-১৫ বর্ষের বিবেকানন্দ সম্মেলন নদীয়া জেলাতে সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়েছে। এ-বছরই প্রথম শিক্ষক সম্মেলনটি আলাদাভাবে একটি পৃথক দিনে অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনের বিস্তারিত বিবরণ পৃথক একটি প্রতিবেদনে দেওয়া আছে। এই বিবেকানন্দ সম্মেলনে বিদ্যামন্দিরের অধ্যাপকবৃন্দের সক্রিয় সহযোগিতার জন্য প্রাক্তনী সংসদের পক্ষ থেকে তাঁদের সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। এছাড়া প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**মনোজ কুমার ভট্টাচার্য্য, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**

## স্বামী বিমুক্তানন্দ স্মারক বক্তৃতা

২০০৭ থেকে বিদ্যামন্দিরের প্রথম সম্পাদক স্বামী বিমুক্তানন্দজীর স্মরণে স্মারক বক্তৃতার আয়োজন করে আসছে বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়। এই শুভ উদ্যোগ নিয়েছিলেন প্রাক্তনী শ্রী ব্রজলাল বন্দ্যোপাধ্যায় ব্যক্তিগতভাবে একটি তহবিল গঠনের মাধ্যমে। সম্প্রতি স্থির হয়েছে ২০১৫ থেকে বিবেকানন্দ বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে বিদ্যামন্দির এই বক্তৃতার আয়োজন করবে—বিদ্যামন্দিরের প্রতিষ্ঠাদিবসের স্মারক বক্তৃতা রূপে। এই তহবিলে প্রদত্ত অর্থের পরিমাণ সম্প্রতি বেশ কিছুটা বাড়িয়েছেন ব্রজলাল বন্দ্যোপাধ্যায়।

প্রসঙ্গত, ব্রজলাল বন্দ্যোপাধ্যায় ২০০১ থেকে রামকৃষ্ণ মিশন ইন্সটিটিউট অফ কালচারে আয়োজন করে চলেছেন 'স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতার'ও। সম্প্রতি এই তহবিলে বাড়তি বেশ কিছুটা অর্থ দান করেছেন ব্রজলাল বন্দ্যোপাধ্যায়ের আরও কয়েকজন সতীর্থ—সমীর মজুমদার, মানিক সোম, প্রাণেশ সাহা, নিত্যানন্দ দাস এবং শচীনন্দন ব্যানার্জী। ফলত তৈরী হয়েছে দেড় লক্ষ টাকার একটি স্থায়ী তহবিল।

আচার্য ঋণ পরিশোধের এই শুভ উদ্যোগকে অভিনন্দন জানাই!

# বিবেকানন্দ সম্মেলন ঃ ২০১৪

স্বামী **বিবেকানন্দের আদর্শ**কে সামনে রেখে প্রতি বছরের মতো এ বছরেও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী ংসদ **স্বামীজীর ভাবধারা** বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে বিবেকানন্দ সম্মেলন আয়োজন করেছে নদীয়া জেলাকে নির্বাচন রে।

এই বিবেকানন্দ সম্মেলনকে পরিচালনা করার জন্য নদীয়া জেলাকে চারটি অঞ্চলে ভাগ করা হয়। সেগুলি এইরকম—১) রানাঘাট অঞ্চল ২) ৃষ্ণনগর-নবদ্বীপ অঞ্চল ৩) তেহট্ট অঞ্চল ৪) বেথুয়াডহরী অঞ্চল।

এই অঞ্চলগুলিতে আঞ্চলিক পর্যায়ে বিভিন্ন বিভাগে আবৃত্তি, অঙ্কন, গল্পবলা, বক্তৃতা, গান, যোগাসন, ক্যুইজ প্রভৃতি বিষয়ে সাংস্কৃতিক প্রতিযোগিতা য়েছে। আঞ্চলিক পর্যায়ে সফল প্রতিযোগীরা জেলাস্তরে অংশগ্রহণ করেছে। আঞ্চলিক স্তরে ও জেলাস্তরে প্রত্যেক সফল ছাত্রছাত্রীকে পুরস্কৃত রা হয়েছে।

আঞ্চলিক পর্যায়ে আঞ্চলিক কমিটিগুলির উদ্যম, আহবায়কসহ সমস্ত সদস্যের আন্তরিকতা, স্বেচ্ছাসেবকদের নিষ্ঠা এবং বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রীদের প্রয়াসে আঞ্চলিক প্রতিযোগিতার অনুষ্ঠান যথোপযুক্ত তাৎপর্যপূর্ণ ও আনন্দমুখর হয়ে ওঠে। কৃষ্ণনগর-নবদ্বীপ, বেথুয়াডহরী, ানাঘাট ও তেহট্টতে আঞ্চলিকস্তরের প্রতিযোগিতাগুলি নিম্নলিখিত সূচী অনুসারে অনুষ্ঠিত হয়েছিল—

| তারিখ | অঞ্চলগুলির নাম | স্থান | অংশগ্রহণকারী বিদ্যালয়ের সংখ্যা | ছাত্রছাত্রীর সংখ্যা | কেন্দ্রীয় পরিচালন সমিতি থেকে আগত প্রতিনিধির নাম |
|---|---|---|---|---|---|
| ১০-০৮-২০১৪ | রানাঘাট | রানাঘাট পাল চৌধুরী হাইস্কুল | ২৮ | ২৭৩ | স্বামী অরুণাত্মানন্দ, মানস রায় |
| ১০-০৮-২০১৪ | কৃষ্ণনগর-নবদ্বীপ | শ্রীরামকৃষ্ণ আশ্রম | ৫৩ | ৪৪৮ | স্বামী যোগাধীশানন্দ, হেমাদ্রি চ্যাটার্জী ও কৃষ্ণমোহন ঘোষ |
| ১০-০৮-২০১৪ | বেথুয়াডহরী | বেথুয়াডহরী বোর্ড প্রাথমিক বিদ্যালয় | ৩০ | ৩৯৮ | স্বামী জয়েশানন্দ ও সুমন্ত হাজরা |
| ১৭-০৮-২০১৪ | তেহট্ট | তেহট্ট হাইস্কুল | ২০ | ২৬৬ | স্বামী প্রতিবোধানন্দ, ব্র. ধীরচৈতন্য, সুশান্ত দে ও পিনাকী সরকার |
| মোট সংখ্যা | | | ১৩১ | ১৩৮৫ | |

জেলাস্তরের মূলপর্বের প্রতিযোগিতা, শিক্ষক সম্মেলন, যুব সম্মেলন ও পুরস্কার বিতরণী নিম্নলিখিত তারিখ ও স্থানে অনুষ্ঠিত হয়েছে।

| অনুষ্ঠান | স্থান | তারিখ |
|---|---|---|
| জেলাস্তরের প্রতিযোগিতা | শ্রীরামকৃষ্ণ আশ্রম, কৃষ্ণনগর | ০৭-০৯-২০১৪ |
| শিক্ষক সম্মেলন | বেথুয়াডহরী শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাসমিতি, বেথুয়াডহরী | ১৪-০৯-২০১৪ |
| যুব সম্মেলন ও পুরস্কার বিতরণী | শ্রীশ্রীরামকৃষ্ণ সেবাসমিতি, নবদ্বীপ | ২১-০৯-২০১৪ |

১৪-০৯-২০১৪ তারিখে বেথুয়াডহরী শ্রীরামকৃষ্ণ বিবেকানন্দ সেবাসমিতি-র উদ্যোগে 'শিক্ষক সম্মেলন' অনুষ্ঠিত হয়। শিক্ষক সম্মেলনটিতে োট ২৬৫ জন শিক্ষক প্রতিনিধি অংশ নেন। বিদ্যামন্দিরের সম্পাদক পূজনীয় শ্রীমৎ স্বামী দিব্যানন্দজী মহারাজসহ অন্যান্য সন্ন্যাসীরা, প্রাক্তনী ংসদের সহ-সভাপতি ও সম্পাদক প্রমুখ বিশিষ্ট অতিথিবৃন্দ ও চারটি অঞ্চলের শিক্ষক প্রতিনিধিদের বক্তব্যে অনুষ্ঠানটি মনোজ্ঞ হয়ে ওঠে।

২১-০৯-২০১৪ তারিখে নবদ্বীপ শ্রীশ্রীরামকৃষ্ণ সেবাসমিতিতে যুবসম্মেলন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। যুবসম্মেলনটিতে মোট ১৮৫ ন যুবক-যুবতী অংশ গ্রহণ করে। অতিথি হিসেবে প্রতিনিধিত্ব করেন ১০০ জন। এছাড়া জেলাস্তরের প্রতিযোগিতায় সফল প্রতিযোগীরা এই নুষ্ঠানটিতে অংশগ্রহণ করে। এ বছর প্রতিটি বিভাগে সফলতার নিরিখে গাংনাপুর উচ্চমাধ্যমিক বিদ্যালয় শ্রেষ্ঠ বিদ্যালয় হিসেবে নির্বাচিত হয়েছে।

বিবেকানন্দ সম্মেলন আয়োজনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর কিছু আর্থিক সহযোগিতা করেছে। এই সম্মেলন আয়োজনের ন্য বিদ্যামন্দির কলেজ ও প্রাক্তনী সংসদের পক্ষ থেকেও কিছু আর্থিক ব্যয়ভার বহন করা হয়েছে।

বিবেকানন্দ সম্মেলন উপলক্ষে একটি স্মরণিকা প্রকাশিত হয়েছে। নদীয়া জেলার শিল্প, সাহিত্য, সংস্কৃতি, পুরাকীর্তি, লোকায়ত ভাবনা প্রভৃতি ষয়ে বিশিষ্ট গুণীজনের লেখায় স্মরণিকাটি সমৃদ্ধ হয়েছে। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের অন্যতম সহ-সভাপতি অধ্যাপক তপন কুমার ঘোষের যাগ্য সম্পাদনায় স্মরণিকাটি প্রকাশ পেয়েছে।

বিবেকানন্দ সম্মেলনের উদ্দেশ্যই হল স্বামীজীর আদর্শ ও বাণী দেশের তরুণ প্রজন্মের ছাত্র-ছাত্রীদের মধ্যে অনুসঞ্চার করা। আমাদের বিশ্বাস কলের আন্তরিক সহযোগিতা, প্রচেষ্টা ও কর্মোদ্যমের ফলে এই বিবেকানন্দ-চর্চা আগামী দিনগুলিতেও অব্যাহত থাকবে এবং এর ফলে তরুণ জন্মের হাত ধরে স্বামীজীর স্বপ্নের ভারতবর্ষ আত্মপ্রকাশ করবে।

# বার্ষিক সাধারণ সভা

গত ১৫ আগস্ট, ২০১৪ তারিখে বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে ২০১৩-১৪ অর্থবর্ষের বার্ষিক সাধারণ সভা শুরু হয়। প্রথমেই বিদেহী প্রাক্তনীদের আত্মার শান্তি কামনায় ১ মিনিট নীরবতা পালন করা হয়। এরপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ মহারাজ সভায় আগত সকল প্রাক্তনীকে স্বাগত জানান। তিনি তাঁর ভাষণে বিদ্যামন্দির ও বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের কর্মকান্ড ও তার পরিধি সম্বন্ধে সংক্ষিপ্ত বিবরণ দেন। এরপর তিনি বিদ্যামন্দিরের নতুন প্রকল্প—"Swami Vivekananda Research Centre"—সম্পর্কে সভাকে অবহিত করেন এবং এর জন্য একটি "Corpus Fund" গঠন করার প্রস্তাব দেন। এছাড়া বিদ্যামন্দিরের নতুন সার্টিফিকেট কোর্সগুলির কথাও জানান।

এরপর প্রাক্তনীসংসদের অন্যতম সহসভাপতি শ্রী তপন কুমার ঘোষ সভায় আগত নতুন সদস্যদের পরিচিত করান। সংসদের অন্যতম যুগ্ম-সম্পাদক শ্রী কল্যাণ বন্দ্যোপাধ্যায় বিগত ২০১২-১৩ অর্থবর্ষে বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। সভায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। এরপর যথাক্রমে সংসদ সম্পাদক শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য ২০১৩-১৪ অর্থবর্ষের বার্ষিক সম্পাদকীয় প্রতিবেদনটি সভায় পেশ করেন এবং সংসদ কোষাধ্যক্ষ শ্রী শুভজিৎ দত্ত ২০১৩-১৪ অর্থবর্ষের আয়-ব্যয়-এর পরীক্ষিত হিসাব ও অডিটরের রিপোর্ট সভায় পেশ করেন। সভায় এগুলি সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর T.K.D. & Associates কে আগামী ২০১৪-১৫ অর্থবর্ষের জন্য প্রাক্তনী সংসদের অডিটর নিয়োগ করা হয়।

বিগত বছরের মতো এ বছরও প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় তাঁর ব্যাচমেট ও অন্যান্য প্রাক্তনীদের থেকে সংগৃহীত ৩১,৫০০ টাকা "আচার্য্য ঋণ-স্বীকার প্রকল্পে' অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দেন। সংসদের অন্যতম যুগ্ম-সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার প্রাক্তনী সংসদের পক্ষ থেকে মোটর সাইকেল দুর্ঘটনায় আহত প্রাক্তনী শ্রী সুমন কল্যাণ গাঙ্গুলীর চিকিৎসার জন্য সকলকে আর্থিক সাহায্য দানের আবেদন জানান এবং বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র শ্রী স্নেহাশীষ চৌধুরীর দূরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্যও আর্থিক সহায়তার আবেদন জানান।



বার্ষিক সাধারণ সভায় প্রাক্তনীরা

এরপর প্রাক্তনী গোপীনাথ দত্ত সংসদের Re-Union-এ প্রাক্তনীদের বক্তব্য রাখার সময় বাড়ানোর জন্য প্রস্তাব দেন। এছাড়া Member's Directory-র পরবর্তী সংস্করণে প্রাক্তনীদের পৃথক পেশাভিত্তিক তালিকা তৈরি করার প্রস্তাব দেন।

এরপর সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাস তাঁর সংক্ষিপ্ত ভাষণ দেন। শুভেন্দু মজুমদার সংসদের একটি গবেষণা তহবিল গঠন করার প্রস্তাব দেন এবং সকলকে ধন্যবাদ জানান।

পরিশেষে সমবেত জাতীয় সঙ্গীতের পর সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমন্ডলী
আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ
সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)

PRINTED MATTER

**BOOK POST**

**If undelivered, please return to :**
**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com Website : www.alumnividyamandira.in**

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536